



## বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়  
মতিঝিল, ঢাকা।

ডিপার্টমেন্ট অব কমিউনিকেশন্স এন্ড পাবলিকেশন্স

ক্রমিক নং- ০৫/২০২৪-৩৪৩

তারিখ : ১১ আগস্ট, ২০২৪

### প্রেস বিজ্ঞপ্তি

প্রধান বার্তা সম্পাদক

ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়া

ঢাকা।

ব্যাংক-কোম্পানীতে শৃঙ্খলা পরিপন্থী কার্যকলাপ হতে বিরত থাকা প্রসঙ্গে

সম্প্রতি কিছু কিছু ব্যাংকের দপ্তরে বা কার্যস্থলে ব্যাংকের শেয়ারধারক, বর্তমান ও প্রাক্তন কর্মকর্তা/কর্মচারী কর্তৃক শৃঙ্খলা পরিপন্থী কতিপয় কার্যকলাপ সংঘটিত হচ্ছে মর্মে বাংলাদেশ ব্যাংকের নিকট গোচরীভূত হয়েছে। উল্লেখ্য, ব্যাংকের মালিকানা সম্পর্কিত বিরোধ নিষ্পত্তি কিংবা কর্মকর্তা/কর্মচারীদের দাবী-দাওয়া পেশের সুনির্দিষ্ট আইনী প্রক্রিয়া ও নিয়মতান্ত্রিক ব্যবস্থা রয়েছে। অনিয়মতান্ত্রিক ও বিশৃঙ্খলা সৃষ্টিকারী এ ধরনের কার্যকলাপ ব্যাংকের স্বাভাবিক কার্যক্রম ও লেনদেনে ব্যাঘাত সৃষ্টি করছে বিধায় ব্যাংকের ওপর আমানতকারীদের আস্থার সংকট দেখা দিতে পারে। দেশের অর্থনীতির চালিকাশক্তি ব্যাংকিং খাতে এরূপ বিশৃঙ্খলা একান্তই অনভিপ্রেত। এতদুপেক্ষিতে ব্যাংকের স্বাভাবিক কার্যক্রম অব্যাহত রাখার পাশাপাশি ব্যাংকের ওপর আমানতকারীদের আস্থা অক্ষুণ্ণ রাখার নিমিত্ত সংশ্লিষ্ট সকল মহলের সর্বাঙ্গিক সহযোগিতা কামনা করা যাচ্ছে।

২. উল্লেখ্য, ব্যাংক-কোম্পানী আইন, ১৯৯১ এর ধারা ৫৭(১) অনুযায়ী ব্যাংকের দপ্তরে বা কার্যস্থলে আমানতকারীদের আস্থা ক্ষুণ্ণ হয় এমন কোনো কার্যকলাপ হতে বিরত থাকার নির্দেশনা রয়েছে এবং এ ধরনের কার্যকলাপ উল্লিখিত আইনের ধারা ৫৭(২) অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ।

জাতীয় স্বার্থে উল্লিখিত প্রেস বিজ্ঞপ্তি প্রচারের জন্য বিশেষ অনুরোধ করা হলো।

ধন্যবাদান্তে,

মহুয়া মহসীন

পরিচালক (এক্স ক্যাডার-প্রকাশনা) এবং সহকারী মুখপাত্র (চলতি দায়িত্বে)

ডিপার্টমেন্ট অব কমিউনিকেশন্স এন্ড পাবলিকেশন্স

বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকা।

মোবাইল: ০১৭১৬৫১৪৫৪৪ টেলিফোন: ৯৫৩০১৮০

E-mail: mohua.mohosin@bb.org.bd